

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩৭/২০১৬

অভিযোগকারী : জনাব ইকবাল হোসেন ফোরকান
পিতা-মরহুম আলহাজ্জ এম এ ফাত্তাহ
এ/১, পল্টন বিলাস, ৭২ পুরানা পল্টন
লাইন, ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (জোন-৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৪-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ৩১-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. বিগত ১৭-০৭-১৯৯১ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ৭/৯১ তম সাধারণ সভা'র কার্যবিবরণী।
 ২. বিগত ০৯-১১-১৯৯৭ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বিশেষ সভা'র কার্যবিবরণী।
 ৩. বিগত ২৪-০৬-১৯৯৯ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ১২/৯৯ তম নিয়মিত সাধারণ সভা'র কার্যবিবরণী।
 ৪. বিগত ২২-০৭-১৯৯৯ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ১৪/৯৯ তম নিয়মিত সাধারণ সভা'র কার্যবিবরণী।
 ৫. বিগত ০৭-০৯-২০০০ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ১৭/২০০০ তম নিয়মিত সাধারণ সভা'র কার্যবিবরণী।
 ৬. বিগত ১০-০৯-২০০১ ইং তারিখে অনুষ্ঠিত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ১৪/২০০১ তম নিয়মিত সাধারণ সভা'র কার্যবিবরণী।
- ২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ০৯ মার্চ, ২০১৬ তারিখের স্মারক নং-২৫.৩৯.০০০০.০১১.৯৯.২৮৭(৬). ১৫-৬৫১ মাধ্যমে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সম্ভব নয় মর্মে অবহিত করেন। পরবর্তীতে তিনি ২৮-০৩-২০১৬ তারিখে জনাব জি.এম. জয়নাল আবেদীন ভূইয়া, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আপীল কর্তৃপক্ষ অভিযোগকারীর প্রার্থিত তথ্য তার নিকট ৩ কার্যদিবসের মধ্যে সরবরাহের জন্য উপ-পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল)-রাজউককে নির্দেশনা প্রদান করেন। আপীল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রাপ্ত তথ্যে প্রতি পৃষ্ঠায় প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী স্বাক্ষর ও দাপ্তরিক সীল বিহীন অবস্থায় অর্ধেক/আংশিক, অস্পষ্ট ও অসম্পূর্ণ মর্মে উল্লেখ করে অভিযোগকারী ২৫-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর পক্ষে জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা হাজির।

- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি আংশিক প্রদান করায় সংস্কৃত হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত সকল তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর পক্ষে জনাব মোঃ মাজহারুল ইসলাম, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অভিযোগকারীকে স্মারক নং ২৫.৩৯.০০০০.০১১.৯৯.২৮৭(৭).১৫-১১০৫ তারিখ: ২৭-০৪-২০১৬ এর মাধ্যমে আংশিক তথ্যাদি সরবরাহ করা হয়েছে। তিনি আরো বলেন যে, চাহিত অবশিষ্ট তথ্যাদি যথাক্রমে ক্রমিং নং ১,২ ও ৫ এর তথ্যাদি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পুনরায় সুচারুভাবে প্রস্তুত করে অভিযোগকারীকে প্রদান করার নিশ্চয়তা প্রদান করেন এবং এজন্য তিনি কমিশনের নিকট নির্দেশনা কামনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত অবশিষ্ট তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), মতিঝিল বা/এ, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার